



মিডফোর্ডের ব্যবসায়ী হত্যার নিন্দা জানিয়ে বিচার চাইলো বিএনপি মহাসচিব



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম: সংগৃহীত ছবি

রাজধানীর মিডফোর্ড হাসপাতালের মূল ফটকে জনসমক্ষে মোহাম্মদ সোহাগ নামে এক ব্যবসায়ীকে কুপিয়ে ও পিটিয়ে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

গুত্রবার দেওয়া এক বিবৃতিতে তিনি এ হত্যাকাণ্ডকে "পৈশাচিক ও বর্বরোচিত" উল্লেখ করে বলেন, “এটি কেবল একটি জীবনহানির ঘটনা নয়—এটি রাষ্ট্রীয় নিরাপত্তা, নাগরিক অধিকার এবং আইন-শৃঙ্খলা রক্ষায় চরম ব্যর্থতার প্রতিফলন। আমাদের সংগঠনের নীতি ও আদর্শের সঙ্গে এই ধরনের সন্ত্রাসের কোনো সম্পর্ক নেই।”

ফখরুল বলেন, “দোষী যে-ই হোক, তার স্থান কখনোই আইন ও ন্যায়বিচারের উর্ধ্বে হতে পারে না। প্রকাশ্যে দিবালোকে এমন নির্মম হত্যার বিচার না হলে বিচারহীনতার সংস্কৃতি সমাজকে আরও অন্ধকারে ঠেলে দেবে।”

তিনি বলেন, “আসন্ন গণ-আন্দোলনে সরকারের পতনের পর দেশবাসী যেন এমন নৃশংসতা আর না দেখে, সেই প্রত্যাশায় আমি অন্তর্বর্তীকালীন সরকারের কাছে দাবি জানাই—এই হত্যাকাণ্ডের নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য তদন্ত করে প্রকৃত অপরাধীদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করুন।”

নিহত সোহাগের আত্মার মাগফিরাত কামনা এবং তার পরিবারের প্রতি গভীর সমবেদনাও জানান বিএনপি মহাসচিব।